গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
রাজস্ব শাখা
www.tangail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪১.৯৩০০.০০০.০১২.৩৩.০০০১.২২- ৪৮৪

তারিখ : ১০ বৈশাখ ১৪৩৩
২৩ এপ্রিল ২০২৬

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ০১ জুন ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩-২৬৪ নম্বর স্মারকে "ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী এবং ভূমি মন্ত্রণালয়ের ডিকেএমপি অনুবিভাগের ০৫ মার্চ ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩-১২২ নম্বর ও ০৭ এপ্রিল ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩-১৭৭ নম্বর স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে এ জেলায় ১২ (বারো) টি উপজেলার ১১০ (একশত দশ) টি স্পটে অনুমতিপত্র গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিগণ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল কাগজপত্রাদির সত্যায়িত অনুলিপি সংযুক্তপূর্বক আবেদনপত্র আগামী ২৭ এপ্রিল ২০২৬ তারিখ হতে ২৪ মে ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি এ কার্যালয়ের রাজস্ব শাখায় (কক্ষ নম্বর ১১৩) অথবা রেজিস্টার ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে পারবেন। তবে কোন কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূল কপি সরবরাহ করতে হবে।

| ক্রমিক নম্বর | উপজেলার নাম | যে প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য (সংখ্যায়) | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | ভূমি অফিসের নাম | সংখ্যা | |
| ১. | মধুপুর | আউশনারা, মহিষমারা, কুড়ালিয়া, গোলাবাড়ী, অরণখোলা, কুড়াগাছা, বেরীবাইদ, শোলাকুড়ী, ফুলবাগচালা ইউনিয়ন সমূহ | ০৯ | প্রতিটি পৌরসভা/ ইউনিয়নের জন্য ১ (এক) টি করে |
| ২. | ধনবাড়ী | বীরতারা, বানিয়াজান, পাইস্কা, ধোপাখালী, মুশুদ্দি, বলিভদ্র ইউনিয়ন সমূহ | ০৬ | -ঐ- |
| ৩. | গোপালপুর | গোপালপুর পৌরসভা, ধোপাকান্দি, ঝাওয়াইল, হাদিরা, হেমনগর, আলমনগর, মির্জাপুর, নগদাশিমলা ইউনিয়ন সমূহ | ০৮ | -ঐ- |
| ৪. | ভূঞাপুর | অলোয়া, নিকরাইল, ফলদা, অর্জুনা, গাবসারা ইউনিয়ন ভূমি অফিস সমূহ | ০৫ | -ঐ- |
| ৫. | ঘাটাইল | ঘাটাইল পৌরসভা, দেউলাবাড়ী, জামুরিয়া, লোকেরপাড়া, আনেহলা, দিঘলকান্দি, দিগড়, দেওপাড়া, সন্ধানপুর, .রসুলপুর, ধলাপাড়া, সংগ্রামপুর, লক্ষিন্দর, সাগরদিঘী ইউনিয়ন সমূহ | ১৪ | -ঐ- |
| ৬. | কালিহাতী | কালিহাতি পৌরসভা, এলেঙ্গা পৌরসভা, নারান্দিয়া, গোহালিয়াবাড়ী, দুর্গাপুর, সল্লা, দশকিয়া, বাংড়া, সহদেবপুর, বল্লা, পাইকড়া, .কোকডহড়া, বীরবাসিন্দা, নাগবাড়ী ইউনিয়ন সমূহ | ১৪ | -ঐ- |
| ৭. | টাঙ্গাইল সদর | মগড়া, বাঘিল, পোড়াবাড়ী, কাতুলী, কাকুয়া, দাইন্যা, করটিয়া, মাহমুদনগর, ঘারিন্দা, হুগড়া ইউনিয়ন সমূহ | ১০ | -ঐ- |
| ৮. | দেলদুয়ার | দেলদুয়ার সদর, পাথরাইল, ডুবাইল, আটিয়া, লাউহাটী, এলাসিন, ফাজিলহাটি ইউনিয়ন সমূহ | ০৭ | -ঐ- |
| ৯. | নাগরপুর | পাকুটিয়া, মোকনা, ভারড়া, ধুবরিয়া, দপ্তিয়র, ভাদ্রা, সহবতপুর, গয়হাটা, সলিমাবাদ ইউনিয়ন সমূহ | ০৯ | -ঐ- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | মির্জাপুর | আজগানা, আনাইতারা, বহুরিয়া, বানাইল, বাশতৈল, ভাওরা, ভাতগ্রাম, ফতেপুর, জামুর্কী, লতিফপুর, তরফপুর, মহেড়া, ওয়ার্শি ইউনিয়ন সমূহ | ১৩ | -ঐ- |
| ১১. | বাসাইল | হাবলা, কাঞ্চনপুর, বাসাইল সদর, কাশিল, ফুলকী, কাউলজানী ইউনিয়ন সমূহ | ০৬ | -ঐ- |
| ১২. | সখিপুর | কাকড়াজান, বহেড়াতৈল, যাদবপুর, হাতীবান্ধা, কালিয়া, দাড়িয়াপুর, বহুরিয়া, হতেয়া রাজাবাড়ী, বড় চওনা ইউনিয়ন সমূহ | ০৯ | -ঐ- |
| | | মোট | ১১০ টি | |

## অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:

১. আবেদনকারীকে ন্যূনতম কম্পিউটার/ মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. জেলার মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে আবেদনকারীর যোগ্যতার ১নং ক্রমিকে বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীন নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;

৫. কম্পিউটার/ মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;

৯. সরকারের প্রযোজ্য কোন আইন বা আদেশে টিআইএন বা ভ্যাট নিবন্ধন প্রয়োজন হলে তা থাকতে হবে;

১০. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১১. সপ্তাহে শনিবার হতে বৃহস্পতিবার কেন্দ্র খোলা রাখতে হবে। তবে জেলা প্রশাসক প্রয়োজনে এ সময় পুনঃনির্ধারণ করে দিতে পারবেন;

১২. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীন নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১৩. সময়াবদ্ধ নাগরিকসেবা প্রদান করতে হবে:

১৪. উপজেলা ভূমি অফিস বা ইউনিয়ন ভূমি অফিস চত্বরে এলএসএফসি স্থাপন করা যাবে না। একজন আবেদনকারী বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে পৌরসভা/ ইউনিয়নে ভূমিসেবা সহায়তা কেন্দ্র পরিচালনার জন্য আবেদন করবেন, তিনি চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর ঐ পৌরসভা/ ইউনিয়নে এলএসএফসি স্থাপন করবেন এবং কোনভাবেই এলএসএফসি স্থানান্তর করতে পারবেন না।

১৫. কোন সহযোগী/ সহায়তাকারী বা তার নিয়োজিত কম্পিউটার কর্মী সরকারি কর্মচারী হিসেবে গণ্য হবেন না বা এরূপ দাবি উত্থাপন করা যাবে না বা করলেও তা আইন বা আদালতে গ্রহণযোগ্য হবে না;

১৬. এলএসএফসি'র সহায়তাকারী হিসেবে নিয়োজিত ব্যক্তিবর্গ/ কর্মীগণ ইউনিয়ন ভূমি অফিস এবং উপজেলা ভূমি অফিসে গমনাগমন করতে পারবেন না;

১৭. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১৮. আবেদনকারীকে আবেদন ফরমে উল্লিখিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে;

১৯. একটি অনুমতিপত্র দ্বারা একটির অধিক এলএসএফসি পরিচালনা করা যাবে না;

২০. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক পৌরসভা এলাকার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে এবং ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫ পরিপন্থী কোন কাজ করার কারণে অনুমতিপত্র বাতিল হলে জামানত বাজেয়াপ্ত হবে;

২১. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে, জেলা প্রশাসক মেয়াদপূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

২২. ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী প্রতিপালিত হবে;

২৩. এলএসএফসি নির্বাচনের ক্ষেত্রে জেলা প্রশাসকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং প্রয়োজনে বিজ্ঞপ্তিতে উল্লেখিত ভূমিসেবা সহায়তা কেন্দ্রের (স্পটের) সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে;

২৪. আবেদনপত্র জমাদানের নির্ধারিত সময়সীমা ২৪ মে ২০২৬ তারিখের পর কোন আবেদনপত্র সরাসরি, ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পাওয়া গেলেও তা গ্রহণ করা হবে না;

২৫. আবেদনপত্র যাচাই-বাছাই শেষে উপযুক্ত প্রার্থীগণের সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় টেলিফোন মারফত জানিয়ে দেওয়া হবে। সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৩।০৪।২০২৬

**মোহাম্মদ শফিকুল ইসলাম**
**অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)**
**টাঙ্গাইল**
ফোন: ০২৯৯৭৭১৪৯০৬
adcrtangail@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪১.৯৩০০.০০০.০১২.৩৩.০০০১.২২- ৪৮৪/১(৩৫)

তারিখ : ১০ বৈশাখ ১৪৩৩ / ২৩ এপ্রিল ২০২৬

<u>অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো :</u>

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা;
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা;
০৪। উপসচিব, ডিকেএমপি অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল;
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/ শিক্ষা ও আইসিটি/ উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল;
০৭। উপজেলা নির্বাহী অফিসার,............(সকল), টাঙ্গাইল [ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণের অনুরোধসহ];
০৮। সহকারী কমিশনার (ভূমি),............(সকল), টাঙ্গাইল [ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণের অনুরোধসহ];
০৯। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল;
১০। সহকারী কমিশনার (গোপনীয়), টাঙ্গাইল (জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল [বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদর্শনের ব্যবস্থাকরণ];
১২। অফিস কপি।

২৩।০৪।২০২৬

**অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)**
**টাঙ্গাইল**